

৫ হাজার সিসি ক্যামেরা বসবে: আনিসুল হক

নিজস্ব প্রতিবেদক

আগামী দুই বছরের মধ্যে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি) এলাকায় ৫ হাজার ২০০ সিসি ক্যামেরা বসানো হবে বলে জানিয়েছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক। আজ শনিবার সকালে গুলশান লেক পার্কে গুলশান সোসাইটি ও ডিএনসিসির যৌথ উদ্যোগে সড়ক পরিচ্ছন্নতা কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা জানান।

আনিসুল হক বলেন, ইতিমধ্যে গুলশান, বনানী, বারিধারা, নিকেতন, মহাখালী ও আশপাশের এলাকায় এক হাজার সিসি ক্যামেরা বসানো হয়েছে। আগামী কিছুদিনের মধ্যেই এসব এলাকার সড়কে উজ্জ্বল আলোর এলইডি বাতি বসানো হবে। তিনি বলেন, বিশ্বে বাসযোগ্য শহরগুলোর মধ্যে ঢাকা অন্যতম নিকৃষ্ট শহর। এখানে প্রতি বর্গ কিলোমিটারে লক্ষাধিক লোকের বাস। ফলে এখানে নিরাপত্তা নিশ্চিত করা ও নাগরিক সুবিধা পৌঁছে দেওয়া কষ্টকর।

এক প্রশ্নের জবাবে আনিসুল হক বলেন, গত ১ জুলাই গুলশানের হলি আর্টিজানে হামলার পর পরিস্থিতি অনেকটা বদলে গেছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও বিভিন্ন সোসাইটি মিলে গুলশান, বনানী, বারিধারার কূটনৈতিক এলাকায় নিরাপত্তা বাড়াতে বিশেষ ব্যবস্থা নিতে হয়েছে। কিছু প্রবেশপথ বন্ধ করতে হয়েছে, কোথাও চলাচল সীমিত করতে হয়েছে। এরই ধারাবাহিকতায় শহরের নিরাপত্তাব্যবস্থা জোরদারে ইতিমধ্যে হাজার খানেক ক্যামেরা বসানো হয়েছে। আগামী দুই বছরের মধ্যে আরও ৫ হাজার ২০০ সিসি ক্যামেরা ও সড়কে এলইডি বাতি বসানোর প্রকল্প পাস হয়েছে। কিছুদিনের মধ্যে বাস্তবায়নের কাজ শুরু হবে।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন গুলশান সোসাইটির সভাপতি ও সাবেক প্রধান নির্বাচন কমিশনার এ টি এম সামছুল হুদা, মহাসচিব ওমর সাদাত, রাজউক চেয়ারম্যান বজলুর করিম চৌধুরী প্রমুখ।